অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/4/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল হার্কিমার কাউন্টিতে মোহাক স্ট্রিটের উপর I-90 সেতুর জন্য 20.5 মিলিয়ন মার্কিন ডলারের সেতু প্রতিস্থাপন প্রকল্প সূচনার ঘোষণা করলেন

মোহক স্ট্রিটের উপর I-90 ব্রিজটিকে নতুন কাঠামো দিয়ে প্রতিস্থাপন করা হচ্ছে

নতুন সেতুতে নিরাপত্তা বৈশিষ্ট্য থাকবে, যার মধ্যে রয়েছে সেতুর নিচে আলো, পথচারীদের জন্য ফুটপাত, উন্নত রাইডিং সারফেস।

প্রকল্পের কাজ 2026 সালের শরৎকালে শেষ হবে বলে আশা করা হচ্ছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ হারকিমার ভিলেজের (Village of Herkimer) মোহক স্ট্রিটের (Mohawk Street) (রুট 28) উপর থ্রুওয়ে (I-90) ব্রিজটি প্রতিস্থাপনের জন্য 20.5 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্প শুরু করার কথা ঘোষণা করেছেন। বর্তমান সেতুটি থ্রুওয়ে সিস্টেমের আদি কাঠামো বিশিষ্ট এবং মাইলপোস্ট 219.91-এ I-90-এর উপর এক্সিট 30 (হার্কিমার - মোহক - NY রুট 28) এর ঠিক পশ্চিমে অবস্থিত। প্রতিদিন আনুমানিক 24,000 যানবাহন ব্রিজটি দিয়ে যাতায়াত করে।

"আমরা হারকিমার কাউন্টি এবং তার বাইরেও পুরানো অবকাঠামোতে বিনিয়োগ করছি, এটিকে আরও নিরাপদ, আরও স্থায়ী এবং আরও নির্ভরযোগ্য করে তুলছি," **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "এই প্রকল্পটি 24,000 এরও বেশি দৈনিক চালকের জন্য একটি চিন্তামুক্ত ভ্রমণ অভিজ্ঞতা নিশ্চিত করবে এবং আগামী সময়ে আমাদের পরিবহন নেটওয়ার্কের একটি নির্ভরযোগ্য অংশ হিসেবে থাকবে।"

নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority) এর নির্বাহী পরিচালক Frank G. Hoare (ফ্রাঙ্ক জি. হোয়ারে) বলেছেন, "থ্রুওয়ে কর্তৃপক্ষ 60 বছরেরও বেশি পুরনো সেতুগুলি প্রতিস্থাপন এবং পুনর্বাসনে আমাদের বিনিয়োগ অব্যাহত রেখেছে। আমরা থ্রুওয়ে সিস্টেমের নির্ভরযোগ্যতা উন্নত করতে এবং সমস্ত চালকের নিরাপত্তা বাড়াতে টোল ডলারকে কাজে লাগাচ্ছি।"

বর্তমান সেতুটি একটি নতুন কাঠামো দিয়ে প্রতিস্থাপন করা হবে, যা দুটি স্প্যানকে একটিতে পরিবর্তিত করবে। এই পরিবর্তনের মধ্যে রয়েছে মোহক স্ট্রিট থেকে একটি জেটি অপসারণ, যা

একটি পূর্ণাঙ্গ বাঁক নেওয়ার লেন তৈরির সুযোগ দেবে, সংলগ্ন চৌরাস্তাগুলিতে নিরাপত্তা এবং দেখার দূরত্ব বৃদ্ধি করবে। প্রকল্পটি সম্পন্ন হলে, মোহক স্ট্রিটে একটি নতুন লেনের প্যাটার্ন থাকবে যেখানে সমস্ত লেন এবং ক্রসওয়াকগুলিকে স্পষ্টভাবে চিহ্নিত করতে নতুন প্রতিফলিত লাইন স্ট্রিপার থাকবে। নতুন সেতুর উল্লম্ব ক্লিয়ারেন্স 14'6" বজায় রাখা হবে।

প্রকল্পটি দুটি পর্যায়ে সম্পন্ন হবে। প্রথম পর্যায়ে, I-90-এ পূর্বমুখী এবং পশ্চিমমুখী সমস্ত যানবাহনকে সেতুর পশ্চিমমুখী দিকে স্থানান্তরিত করা হবে কারণ পূর্বমুখের দিকটায় কাজ চলবে। শীতের জন্য 2025 সালের শরৎকালে প্রকল্পটি স্থগিত হলে, যান চলাচলকে তার মূল অবস্থায় ফিরিয়ে আনা হবে। 2026 সালের বসন্তে, 2য় পর্যায় শুরু হলে, I-90-এর সমস্ত যানবাহনকে সেতুর নতুন পূর্বমুখে স্থানান্তরিত হবে কারণ পশ্চিমমুখের দিকে কাজ শুরু হবে।

প্রকল্পের অংশ হিসেবে নিরাপত্তা উন্নয়নের মধ্যে রয়েছে যানজট এবং পথচারীদের নিরাপত্তার জন্য সেতুর নিচে আলো স্থাপন। নতুন সেতুটি মোহক স্ট্রিটের দুইপাশের পথচারীদের জন্য ফুটপাতও বজায় রাখবে। অতিরিক্তভাবে, নতুন সেতুটিতে একটি উন্নত নিরাপত্তা বেষ্টনী এবং I-90-এ একটি স্নো ফেন্স থাকবে। নতুন সেতুর কাজে মোহক স্ট্রিটের উপর নতুন ঝড়ের জল নিষ্কাশন কাঠামো এবং লাইনও অন্তর্ভুক্ত থাকবে। I-90-এ, কাছাকাছি ঝড়জনিত ড্রেন কাঠামো প্রতিস্থাপন করা হবে এবং ঝড়ের জল পরিশোধন কাঠামো যুক্ত করা হবে, যা ঝড়ের জল থেকে বর্জিতাংশ ফিল্টার করবে। প্রকল্পটি বিদ্যমান বন্যা প্রাচীরের কার্যকারিতা বজায় রাখবে। নতুন সেতুটিতে ভবিষ্যতে একটি নতুন ফ্লাড গেট স্থাপনের ডিজাইনও করা হয়েছে।

নির্মাণকাজ চলাকালীন মোহক স্ট্রিট খোলা থাকবে এবং ফুটপাতের প্রবেশাধিকার বজায় রাখা হবে। মোহক স্ট্রিটের গাড়িচালকরা নির্মাণকাজ চলাকালীনই একাধিক পরিবর্তনশীল ট্র্যাফিক প্যাটার্ন লক্ষ্য করবেন। প্রয়োজন মতো পথচারীদের পর্যাপ্ত জায়গা দিতে অস্থায়ী ট্রাফিক সিগন্যাল এবং ক্রসওয়াক স্থাপন করা হবে।

একটি প্রতিযোগিতামূলক নিলাম প্রক্রিয়ার পর প্রকল্পের ঠিকাদার হয়েছে নিউ ইয়র্কের Slate Hill Constructors, Inc. of Warners। 2026 সালের শরৎকালে নির্মাণকাজ শেষ হবে বলে আশা করা হচ্ছে। এই কাজ আবহাওয়ার উপর নির্ভরশীল এবং পরিবর্তন সাপেক্ষ।

স্টেট সিনেটর Jeremy Cooney (জেরেমি কুনি) বলেন, "প্রতিদিন হাজার হাজার নিউ ইয়র্কবাসী মোহক স্ট্রিটের উপরে এই সেতু ব্যবহার করে, এই প্রকল্পটি আমাদের গাড়ির চালকদের নিরাপত্তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্টেট ব্যাপী আমাদের অবকাঠামো ব্যবস্থাকে শক্তিশালী করার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল)-এর ধারাবাহিক অংশীদারিত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলিমেম্বার William B. Magnarelli (উইলিয়াম বি. ম্যাগনারেলি) বলেন, "হারকিমার কাউন্টির মোহক স্ট্রিটের উপর ফ্রুওয়ে ব্রিজটি প্রতিস্থাপন করা আমাদের হাইওয়েগুলির আধুনিকীকরণে স্টেট কীভাবে বিনিয়োগ করে চলেছে তার একটি নিদর্শন মাত্র যাতে এগুলো সকল ব্যবহারকারীর জন্য নিরাপদ এবং টেকসই রয়েছে বলে নিশ্চিত করা যায়।"

যানবাহনের চালকদের সতর্ক থাকতে এবং কাজের এলাকায় নির্দেশিত গতির সীমা অনুসরণ করতে অনুরোধ করা হয়। ওয়ার্ক জোনে গতিসীমা অতিক্রম করলে তার জরিমানা দ্বিগুণ হয়।

একটি ওয়ার্ক জোনে শ্রমিকদের সুরক্ষাকে আরো বাড়ানোর জন্য, গভর্নর Hochul (হোকল) Automated Work Zone Speed Enforcement পাইলট প্রোগ্রাম প্রতিষ্ঠার আইনে স্বাক্ষর করেছেন। নিরাপত্তা প্রয়োগকারী কর্মসূচিটি 2023 সালের এপ্রিল মাসে শুরু হয়ে এবং থ্রুওয়ের বিভিন্ন সক্রিয় নির্মাণ কাজের জোনে কার্যকর রয়েছে। গতিসীমার ক্যামেরা প্রয়োগ করা ওয়ার্ক জোনের আগেই স্পষ্ট সাইনেজ থাকবে এবং ওয়ার্ক জোনে লিখিত গতিসীমাটি লঙ্ঘন করা মোটর চালকদের জরিমানা দিতে হবে।

যাতায়াত সম্পর্কে সর্বশেষ তথ্য পাওয়ার জন্য, মোটর চালকদের থ্রুওয়ে কর্তৃপক্ষের মোবাইল অ্যাপ ডাউনলোড করার জন্য উৎসাহিত করা হচ্ছে, যা আইফোন ও Android ডিভাইসগুলিতে বিনামূল্যে ডাউনলোড করার জন্য উপলভ্য আছে। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও ভ্রমণকারীরা থ্রুওয়ে কর্তৃপক্ষের ইন্টারঅ্যাক্টিভ ট্রাভেলার ম্যাপ (Traveler Map) দেখতে পারেন, যাতে লাইভ ট্রাফিক কামেরার মতো বৈশিষ্ট্যগুলি রয়েছে। মোটর চালকরা TRANSalert (ট্রান্সঅ্যালার্ট) ই-মেলের জন্যও সাইন আপ করতে পারবেন, যা থ্রুওয়ে বরাবর সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতি সরবরাহ করে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ সম্পর্কে
1950 দশকের শুরুর দিকে নির্মিত গভর্নর টমাস ই ডিউই থ্রুওয়ে (Governor Thomas E. Dewey Thruway) হলো জাতীয় ইন্টারস্টেট হাইওয়ে সিস্টেমের সবথেকে পুরোনো অংশগুলির একটি এবং দেশের দীর্ঘতম টোলযুক্ত রাস্তাগুলির একটি। থ্রুওয়ে কর্তৃপক্ষ কোনো নিবেদিত ফেডারেল, স্টেট, বা স্থানীয় ট্যাক্স ডলার লাভ করে না এবং থ্রুওয়েতে যারা গাড়ি চালান তাদেরকে জন্য অর্থ প্রদান করতে হয়, এর মধ্যে এক তৃতীয়াংশ চালক স্টেটের বাইরে থেকে আসেন।

2024 সালে, থ্রুওয়ে কর্তৃপক্ষ 400 মিলিয়নেরও বেশী লেনদেনের প্রক্রিয়া করেছে এবং মোটর চালকরা থ্রুওয়েতে 8.2 বিলিয়ন মাইল গাড়ি চালিয়েছেন। কতৃপক্ষের 2025 এর অনুমোদিত বাজেট 2025 সালে শুরু হওয়া থ্রুওয়ে সিস্টেম জুড়ে ক্যাপিটাল প্রজেক্টগুলির জন্য মোট 477.3 মিলিয়ন মার্কিন ডলারের নিবেদিত তহবিল বিনিয়োগ করে, যা 2024 সালের অনুমোদিত বাজেটের তুলনায় 33 মিলিয়ন মার্কিন ডলার বেশি। বর্ধিত বিনিয়োগের ফলে থ্রুওয়ের 2,800 ফুটপাথ লেন মাইলের মধ্যে আনুমানিক 61 শতাংশ কাজ হবে এবং সেই সাথে থ্রুওয়ের 817টি সেতুর মধ্যে আনুমানিক 20 শতাংশে প্রতিস্থাপন বা সংস্কারের কাজ হবে।

থ্রুওয়ে দেশের সব থেকে নিরাপদ রাস্তাগুলির মধ্যে একটি, যেখানে মৃত্যুর হার জাতীয় সূচকের চেয়ে অনেক কম। আমাদের কর্মচারীদের ও গ্রাহকদের নিরাপত্তা থ্রুওয়ে অথরিটির শীর্ষ অগ্রাধিকার। 2024 সালে, থ্রুওয়েতে কাজ করার জন্য থ্রুওয়ে অথরিটির দুইজন কর্মচারী নিহত হয়েছেন এবং পৃথক আরেকটি ঘটনায় আরেকজন কর্মচারী গুরুতরভাবে আহত হয়েছেন। থ্রুওয়ে অথরিটির কর্মচারী, সড়কপথের শ্রমিক ও জরুরি সেবাদানকারী কর্মীদের জীবন হাইওয়ে দিয়ে ভ্রমণকারী সবার উপর নির্ভর করে। গাড়ি চালকদের উচিত গাড়ি চালানোর সময় সতর্ক

থাকা এবং মনোযোগ দেওয়া, ওয়ার্ক জোনগুলোতে গতি কমিয়ে দেওয়া এবং সড়কের পাশে কোনো যানবাহন দেখলে পথ ছেড়ে দেওয়া। স্টেটের পথ ছেড়ে দেওয়ার আইন (Move Over Law), যা 2024 সালের মার্চ মাসে সম্প্রসারণ করা হয়েছে, সড়কের পাশে থেমে থাকা সব যানবাহনের জন্য গাড়ি চালকদের গতি কমানো এবং পথ ছেড়ে দেওয়া আবশ্যক করেছে। নিরাপত্তা একটি শেয়ার করা দায়িত্ব।

আরো তথ্যের জন্য থ্রুওয়েকে Facebook, X এবং Instagram এ ফলো করুন, বা থ্রুওয়ে ওয়েবসাইট এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন